

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৬ (কারিগরি-২)

নং-শিম/শাঃ১৬/স্বীকৃতি(কমিটি)৬-৬/২০১০(অংশ-১)/৯৪

তারিখ : ৯ শ্রাবণ ১৪২০ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০১৩ খ্রিঃ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি/দাখিল(ভোকেশনাল) কোর্সের প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ১০/০৬/২০১৩ তারিখে অনুষ্ঠিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদানের প্রাথমিক অনুমতি/স্বীকৃতি প্রদান/কোটা শর্ত শিথিল সংক্রান্ত কমিটির ১১ম সভার সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোটার শর্ত শিথিলপূর্বক নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহে নিম্ন বর্ণিত শর্তে এসএসসি/দাখিল (ভোকেশনাল) কোর্সের প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদানে সরকারের সম্মতি জ্ঞাপন করা হলো :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	অনুমতির ধরণ
১	মন্নিয়া উচ্চ বিদ্যালয়, ইসলামপুর, জামালপুর।	পাঠদানের অনুমতি
২	দোহল পাড়া আদর্শ উচ্চ বিদ্যালয়, ডিমলা, নীলফামারী।	পাঠদানের অনুমতি
৩	দিঘপাতিয়া পি এন উচ্চ বিদ্যালয়, সদর নাটোর।	পাঠদানের অনুমতি
৪	মাঝগাঁও উচ্চ বিদ্যালয়, বড়াইগ্রাম, নাটোর।	পাঠদানের অনুমতি
৫	নাকাইটিহাট শহীদ আঃ জব্বার উচ্চ বিদ্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।	পাঠদানের অনুমতি
৬	খয়েরবাড়ীয়া শহীদ আহমেদ রফিক উচ্চ বিদ্যালয়, সাথিয়া, পাবনা।	পাঠদানের অনুমতি
৭	রাধাকৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়, সদর, রংপুর।	পাঠদানের অনুমতি
৮	কিচক টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, শিবগঞ্জ, বগুড়া।	পাঠদানের অনুমতি
৯	বড় পাথার কারিগরি এন্ড বিএম কলেজ, শাহাজাদপুর, বগুড়া।	প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি
১০	আল-আমিন কারিগরি ইন্সটিটিউট, সদর, নীলফামারী।	প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি
১১	কাশিয়াবাড়ী বধ্যভূমি টেকনিক্যাল এন্ড বিএম কলেজ, পলাশবাড়ী, গাইবান্ধা।	প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি
১২	বাবর রাবোয়ানগর আই টি স্কুল এন্ড কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ	প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি
১৩	জহিরউদ্দিন বিজ্ঞান ও কারিগরি স্কুল এন্ড কলেজ, তারাশ, সিরাজগঞ্জ।	প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি

শর্তসমূহ :

- শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/১১/২০১১ তারিখের শিম/শাঃ ১৩/এমপিও-১২/২০০৯(অংশ)/৩৯৬ নং প্রজ্ঞাপন মোতাবেক প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রাপ্তির বিপরীতে নিযুক্ত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। তাদের বেতন-ভাতা সরকার বহন করবে না।
 - "অনুমতি পাওয়ার পর প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে এবং "এমপিও দাবী করা হবে না" মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মুচলেকা কারিগরি শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে।
 - সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নীতিমালার আলোকে সকল শর্তাদি পূরণ করে কিনা বিশেষ করে ভূমি, ভৌত অবকাঠামো, যন্ত্রপাতি, ল্যাব সুবিধা যাচাই সাপেক্ষে কারিগরি শিক্ষা বোর্ড প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদান করবে। নীতিমালায় বর্ণিত শর্তাদির কোন ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সার্বিকভাবে কারিগরি শিক্ষা বোর্ডের উপর বর্তাবে।
 - স্থাপনের অনুমতি প্রাপ্তির পর পাঠদানের অনুমতি প্রদানের পূর্বে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।
 - ভবিষ্যতে কারিগরি শিক্ষা বোর্ড প্রতিটি প্রতিষ্ঠানের জন্য আলাদাভাবে প্রমানক প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে প্রেরণ করবে।
- ২। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, ঢাকা।


মোঃ তাজুল ইসলাম
উপ-সচিব
ফোনঃ ৯৫ ৬৪ ৫৫২